

মনে পড়ে

কাজী সাইফুল ইসলাম

তোমরা সবাই কেমন আছ জানিয়ে চিঠি দিও
আঁড়িয়াল খাঁ নদীটা এখনো কি সেই আগের মতোই আছে?
তোমাদের উঠানের সেই শিউলি ফুলগাছটা,
এ বছর ফুল ধরেছিল নিশ্চয়?
শুঁয়োপোকাগুলো কি এখনো শিউলী ফুলের ডালে বাসা বাঁধে?
টবে লাগানো তোমার দামি ক্যাকটাসটির
এখনো কি তেমনই করেই যত্ন নাও তুমি?
এতোদিনে ডালাপালা ছাড়িয়ে দেখতে আরো সুন্দর হয়েছে কি না,
জানিয়ে চিঠি দিও।
তারিখ আঁকা ক্যালেন্ডারের পাতাগুলোতে কি এখনো হাত বোলাও তুমি?
আমাদের শেষ দেখা হবার তারিখটার গায়ে হয়তো
বারবারই আঙুল খেমে যায় তোমার!
প্রতিদিন সকালের নরম রোদ এখনো কি জমে থাকে
তোমাদের খেলা বারান্দায়?
তোমার মনে পড়ে, শীতের সকালগুলোতে তোমার পোষা বিড়ালটা
ধবধবে সাদা লোমগুলো উঁচিয়ে দিয়ে
জড়সড় হয়ে বসে থাকতো রোদে,
আর তুমি হাসি হাসি মুখ অনিমেঘে তাকিয়ে থাকতে
আবার কখনো তোমার মায়ী জড়ানো হাত বুলিয়ে দিতে ওর গায়ে
আবার কখনো কাঠপেন্সিল দিয়ে ঐকে রাখতে বিড়াল বসে থাকার জায়গাটা!
কিছু তো আর ভোলা হয়নি আমার
এখন একটি করপোরেট অফিসে কর্ডিনেটরের কাজ করি আমি
সারা দিন কাজ করে করে যখন চোখে ঘোলা ধরে
তখন বুঝতে পারি, তুমি এসে দাঁড়িয়ে আছো!
কখন যেন চোখে পানি ঝরে,
মান্না দেব সেই গানগুলো শুনতে খুব ইচ্ছে করে
তুমি এখনো কি সেই গানগুলো শোনো?
আমাকে কি মনে পড়ে কখনো
নিরব রাতগুলো কি তোমাকে আহত করে
শিশির আর কুয়াশায় ভেজা সেই সকাল
বন্ধ কাঠের দুয়ারের সামনে অপেক্ষা

দুরন্ত বালকের মতো ভালোবাসার অনুশীলন
সংবেদনায় ভরা কতোগুলো দিনরাত,
তোমাদের উঠানে কুড়িয়ে পাওয়া
হয়তো তোমারই ফেলে দেওয়া পুরনো তোমার চুলের ব্যান্ডটিও
কতো প্রিয় আমার কাছে,
তুমি বুঝবে না, কোনো দিনই বুঝবে না
একা থাকার এই বেদনা,
কেবলই জানতে ইচ্ছে করে
আমার বিরহে এখনো কি কাঁদো তুমি, সেই আগের মতোই?

প্রকাশিত : আগস্ট ০৩, ২০১৩ তারিখে, @ prothom-alo.com/we_are/article/মনে_পড়ে

সর্বস্বত্ব : লেখক দ্বারা সংগৃহীত।

More info about Author: banglainternet.com/new_writers.php